# শান্তিতে নোবেল পেলেন ভেনেজুয়েলার বিরোধী নেত্রী মারিয়া কোরিনা মাচাদো



সংগৃহীত ছবি

২০২৫ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন ভেনেজুয়েলার বিরোধী নেত্রী মারিয়া কোরিনা মাচাদো। গণতন্ত্র ও মানবাধিকারের পক্ষে নিরলস সংগ্রামের স্বীকৃতিস্বরূপ তাঁকে এ পুরস্কার দেওয়া হয়েছে।

ভেনেজুয়েলার রাজনীতিতে সাহসিকতা ও গণতন্ত্রের জন্য লড়াইয়ের প্রতীক হয়ে উঠেছেন মারিয়া কোরিনা মাচাদো। দেশটির স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে শান্তিপূর্ণ উপায়ে আন্দোলন চালিয়ে আসছেন তিনি। নোবেল কমিটি জানায়, "ভেনেজুয়েলাবাসীর গণতান্ত্রিক অধিকার পুনরুদ্ধারে এবং শান্তিপূর্ণ রাজনৈতিক রূপান্তর নিশ্চিত করতে তাঁর দৃঢ় নেতৃত্ব ও আত্মত্যাগ প্রশংসনীয়।"

মাচাদো বর্তমানে ভেনেজুয়েলার প্রধান বিরোধী জোটের অন্যতম নেতৃত্বে আছেন। প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর সরকারের কঠোর দমননীতির মধ্যেও তিনি জনগণের পাশে থেকে স্বাধীন মত প্রকাশের পক্ষে সোচ্চার থেকেছেন।

নোবেল কমিটির সিদ্ধান্তে বলা হয়, মারিয়া কোরিনা মাচাদো বিশ্বজুড়ে গণতন্ত্রকামী মানুষের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে উঠেছেন। তাঁর এ অর্জন লাতিন আমেরিকার রাজনীতিতে নতুন দিক উন্মোচন করবে বলে আশা প্রকাশ করেছে আন্তর্জাতিক মহল।

LENS ASIA